# নিয়োগ বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ঃ- বিধি মোতাবেক প্রদেয় ভাতাদিসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অফিসের শূন্য পদসমূহের নামের পার্শ্বে উল্লিখিত বেতন স্কেল, গ্রেড, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার ভিত্তিতে লোক নিয়োগের জন্য বাংলাদেশি নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ-

১। ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ

| পদের নাম, বেতন স্কেল ও গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট টাঃ ১১,০০০-২৬,৫৯০/-(জাতীয় বেতন স্কেল-২০১৫) ১৩ তম গ্রেড | ১(এক)টি | প্রার্থীকে বিজ্ঞানে এস.এস.সি ও এইচ.এস.সি/সমমান পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/জিপিএ-৫.০০ স্কেলে ৩.০০ এবং বিজ্ঞানে স্নাতক/সমমান পরীক্ষায় ২য় শ্রেণি/সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ থাকতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/ জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। |

আমাদের সময়

২। পরিসংখ্যান বিভাগ

| | | |
|---|---|---|
| (ক) স্টোর কিপার (পুনঃবিজ্ঞপ্তি)। টাঃ ৯৩০০-২২,৪৯০/- (জাতীয় বেতন স্কেল-২০১৫) ১৬ তম গ্রেড | ১(এক)টি | প্রার্থীকে ন্যূনতম দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ৪ স্কেলে ২.৭৫ সহ স্নাতক/সমমান পাস হতে হবে। প্রার্থীর শিক্ষা জীবনের কোনো পর্যায়ে ২য় বিভাগ/জিপিএ ৩.০০ (৫.০০ স্কেলে) এবং দ্বিতীয় শ্রেণি/সিজিপিএ ২.৭৫ (৪.০০ স্কেলে)-এর নিচে গ্রহণযোগ্য নয়। প্রার্থীকে সরকারি বা সরকার অনুমোদিত প্রতিষ্ঠান থেকে কমপক্ষে ০৬(ছয়) মাসের কম্পিউটার প্রশিক্ষণসহ কম্পিউটার পরিচালনায় দক্ষ হতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে যে কোনো একটি শর্ত শিথিলযোগ্য। চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া যেতে পারে। যারা পূর্বে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই। |

আবেদনকারীদের অবশ্যই আবেদনপত্রে তার শিক্ষাগত যোগ্যতার সকল সার্টিফিকেট ও ডিগ্রি উল্লেখ করতে হবে। এরূপ কোন তথ্য গোপন করলে বা উল্লেখ না করলে ভবিষ্যতে তার পরীক্ষা পাসের সার্টিফিকেট নথিতে সংযুক্ত করা হবে না এবং বিধি অনুযায়ী প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে। এছাড়াও পদোন্নতির নীতিমালায় বর্ণিত পয়েন্ট সুবিধা প্রদান করা হবে না।

রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে প্রদেয় ৩০০/- (তিনশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়) এবং সকল পরীক্ষা পাসের সার্টিফিকেট ও প্রশংসাপত্রের সত্যায়িত প্রতিলিপিসহ সাদা কাগজে প্রয়োজনীয় তথ্যাদি উল্লেখপূর্বক রেজিস্ট্রার বরাবরে লিখিত দরখাস্ত আগামী ১২-০৮-২০২৬ খ্রিস্টাব্দ/ ২৮-০৪-১৪৩৩ বঙ্গাব্দ তারিখের মধ্যে ক্রমিক-১-এর আবেদনপত্র চেয়ারম্যান, ডিজাস্টার সায়েন্স এন্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে এবং ক্রমিক-২ এর আবেদনপত্র চেয়ারম্যান, পরিসংখ্যান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়-এর অফিসে পৌঁছাতে হবে। চাকরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

জি- ১১৭৬/০৭/২৬ (৬"×৪)